



## ব্যাঘ্র শাবকদের বিশ্ব জয়

গত ৯ ফেব্রুয়ারী সারা বিশ্বকে তাক লাগিয়ে বাংলাদেশের নবীন টাইগারেরা যেভাবে বিশ্ব রেকর্ড গড়ল তা ইতিহাসে এক নজির বিহীন দৃষ্টান্ত। এবারে সাউথ আফ্রিকায় অনুষ্ঠিত আই সি সি অনূর্ধ্ব ১৯ ক্রিকেট বিশ্বকাপ-২০২০ যেভাবে বাংলাদেশের ক্রিকেট প্রেমিক দামাল ছেলেরা তাদের ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন করেছিল তাতেই মনে হয়েছিল এবারে মুজিব বর্ষেই আমরা একটি আনন্দের সংবাদ পাব। সত্যি তাই, বাংলার নবীন টাইগারেরা বিশ্ব রেকর্ড ভেঙে তছনছ করে দিয়ে প্রমাণ করল এবারের আই সি সি অনূর্ধ্ব ১৯ ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশই সেরা। স্যালুট ব্যাঘ্র শাবকদের।

গত ১৭ জানুয়ারী, শুভ সুচনার মধ্যদিয়ে শুরু হয়েছিল আই সি সি অনূর্ধ্ব ১৯ ক্রিকেট বিশ্বকাপ মূল পর্বের লড়াই। চারটি গ্রুপে মোট ১৬ টি দেশ অংশগ্রহণ করেছিল।

**Group A- INDIA, NEWZELAND, SRILANKA, JAPAN.**

**Group B- AUSTRALIA, ENGLAND, WESTINDIES, NIGERIA.**

**Group C- PAKISTAN, BANGLADESH, ZIMBABWE, SCOTLAND.**

**Group D- AFGANISTAN, SOUTHAFRICA, UAE, CANADA.**

প্রতিটি পর্বেই ধাপে ধাপে বাংলাদেশের খেলোয়াড়রা তাদের নৈপুণ্যের স্বাক্ষর রেখেছে। বাংলাদেশ তথা সমগ্র বিশ্বের দর্শকদের উৎফুল্ল রেখেছে। অবাক বিস্ময়ে সারা বিশ্ব তাকিয়ে রয়েছে তাদের দিকে শেষ পর্যন্ত কি ঘটে তা দেখার জন্য। অবশেষে ৯ ফেব্রুয়ারী চুরান্ত ফাইনাল খেলায় শেষ হাসিটাই বাংলাদেশ দল হাসলো। বাংলাদেশ দলের সবাই আনন্দিত ও উচ্ছসিত। আমরাও দেখলাম কীভাবে মনোবল অটুট থাকলে, আর একাগ্রচিত্তে ধৈর্যের সাথে খেললে চূড়ান্ত লক্ষ্যে পৌছা যায়। পূর্ণটাইগারেরা এত দিনে জয়ের যে পূর্ণ স্বাদ এনে দিতে পারে নাই, আজ ব্যাঘ্র শাবকরা আই সি সি অনূর্ধ্ব ১৯ ক্রিকেট বিশ্বকাপ-২০২০ চ্যাম্পিয়ান হয়ে জয়ের পূর্ণ তৃপ্তি এনে দিল। এটা আমাদের বড় প্রাপ্তি।

সময় এসেছে নবীন তারকাদের যথার্থ সম্মান দেওয়ার। দেশের আনাছে কানাছে বড় হয়ে উঠেছে সুবিধা বঞ্চিত অনেক শিশু, কিশোর খেলোয়াড়। যারা সঠিক পৃষ্ঠপোষকতা ও সঠিক মূল্যবনের কারণে তারা তাদের ক্রীড়া নৈপুণ্য দেখাতে পারে না। তাদের সুযোগ করে দিতে হবে। তবেই প্রত্যেক ইভেন্টে শ্রেষ্ঠ নেতৃত্ব আসবে এবং তারাই আমাদের সম্মান বহে নিয়ে আসবে। সব শেষে বলতে চাই, বর্তমান নবীন টাইগার আকবর বাহিনীদের পর্যাপ্ত সুযোগ সুবিধা সহ তাদের সম্মানের সাথে রাখার জন্য সরকারের যথাযথ কর্তৃপক্ষের কাছে অনুরোধ করছি। কারণ তারাই দেশের উজ্জ্বল ভবিষ্যৎ। উষ্ণ অভিনন্দন আর লাল গোলাপ শুভেচ্ছা রইল বাংলাদেশের দলের সকল নবীন ক্রিকেটারদের প্রতি। শুভেচ্ছা রইল দলকে যারা বিশ্বমানের করে তৈরি করেছেন। ধন্যবাদ সবাইকে।



রচনায় -দুলাল হালদার

সহকারি শিক্ষক

কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয়

ছাতক,সুনামগঞ্জ।

তারিখঃ ১৫/০২/২০২০খ্রি;

**Email:dhalder785@gmail.com**

